দৈনিক সংবাদ

তারিখ 07 NOV 1994
পৃষ্ঠা ৮ কলাম ৬

11

বিসিআইসিভুক্ত কলেজ

# পদোন্নতি নেই ॥ একযুগ চাকরি করেও অনেক শিক্ষক প্রভাষক পদেই আছেন

( নিজস্ব বার্তা পরিবেশক )

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) পরিচালিত কলেজগুলোতে শিক্ষকরা এক যুগের বেশি সময় কাজ করেও প্রভাষক পদেই রয়ে গেছেন। যোগ্য ঘোষণা করা সত্ত্বেও তাদেরকে পদোন্নতি দেয়া হচ্ছে না।

বছরের পর বছর বিসিআইসি কর্তৃপক্ষ শিক্ষকদের পদোন্নতি, উচ্চতর বেতন স্কেল প্রদানের ব্যাপারে সভা, সুপারিশ, কমিটি করেই চলেছে। কিন্তু পদোন্নতি নামের সোনার হরিণটির দেখা শিক্ষকরা আজো পাননি। এর ফলে শিক্ষকদের মাঝে গভীর হতাশা আর ক্ষোভ দানা বেঁধে উঠেছে।

বিসিআইসি পরিচালিত কলেজ ৩টি হলো– ইউরিয়া সার কারখানা কলেজ ঘোড়াশাল, জিয়া সার কারখানা কলেজ, আশুগঞ্জ ও বিসিআইসি সায়েন্স কলেজ মিরপুর। ইউরিয়া সার কারখানা কলেজের ৪ জন শিক্ষক গত ১৩ বছর ধরে প্রভাষক পদেই পড়ে আছেন। ৫ জন প্রায় ৯ বছর প্রভাষক পদে। জিয়া সারকারখানা কলেজে ৮ বছরের বেশি সময় প্রভাষক পদে রয়েছেন ৫ জন শিক্ষক। সায়েন্স কলেজে ১ জন আছেন ১২ বছর ও ২ জন ৯ বছর ধরে প্রভাষক পদে কাজ করছেন।

সংশ্লিষ্ট সূত্রে বলা হয়েছে, বিসিআই-সিভুক্ত কলেজগুলোর জন্য ৪টি সহকারী অধ্যাপকের পদ খালি রয়েছে দীর্ঘদিন ধরে। তারপরও কেন পদোন্নতি দেয়া হচ্ছে না সে কারণ সংশ্লিষ্টদের মাঝে আজো রহস্যাবৃত। জানা গেছে, শিক্ষকদের পদোন্নতির সুপারিশ সংক্রান্ত ফাইল বিসিআইসি হেড অফিস থেকে গায়েব হয়ে গেছে।

সূত্র জানায়, বিসিআইসি শিক্ষা উপদেষ্টা বোর্ডের এক সুপারিশে বলা হয়, বিসি-আইসির অধীন কলেজের প্রভাষকরা বিসিআইসির সমপর্যায়ের অন্য কর্মকর্তাদের অনুরূপ আর্থিক সুবিধা পেলেও পদোন্নতি লাভের সুযোগ থেকে বঞ্চিত আছেন, নিয়ম অনুযায়ী প্রভাষক হিসেবে ৮ বছর চাকরি শেষ করার পর শিক্ষকদের আপনাআপনি সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবার কথা। বিসিআইসিতে কলেজের বাইরে অন্য পদে যারা চাকরি করেন ৫ বছর পরই তাদের পদোন্নতি হয়ে থাকে। কিন্তু কলেজের ক্ষেত্রে শিক্ষকদের চাকরি একযুগ পার হয়ে গেলেও পদোন্নতির মুখ না দেখায় তাদের মাঝে দারুণ ক্ষোভ সৃষ্টি হয়েছে।